গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সংসদ ও সমন্বয় অধিশাখা

বিষয়: ডিসেম্বর ২০২২ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোস্তফা কামাল<br>সচিব |
| সভার তারিখ | ২১.১২.২০২২ |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভা কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-কঃ সভায় উপস্থিত কর্মকর্তাগণ। পরিশিষ্ট-খঃ সভায় ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত কর্মকর্তাগণ। |

সভাপতি কর্তৃক সভায় উপস্থিত এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। তিনি সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (সংসদ ও সমন্বয়) আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র সভায় উপস্থাপন করেন। সংস্থাসমূহের প্রধানগণ, প্রতিনিধি, মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত অন্যান্য কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | গত ১০-১১-২০২২ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর নিয়ে আলোচনায় কমান্ডেন্ট পাবনা জানান যে কার্যবিবরণীর বিবিধ-৮.১২ এ "পাবনা, রংপুর, সিলেট, বরিশাল ৪টি মেরিন একাডেমী থেকে স্লুইস গেটের জন্য প্রস্তাব পাওয়া গেছে" মর্মে উল্লেখ রয়েছে। উল্লিখিত শব্দসমূহের মধ্যে 'স্লুইস গেট' শব্দটি 'সিমুলেশন' শব্দ দ্বারা প্রতিস্থাপন করা প্রয়োজন। সকলে এ বিষয়ে একমত পোষন করেন। | গত ১০-১১-২০২২ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর ৮.১২ এ 'স্লুইস গেট' শব্দটি 'সিমুলেশন' শব্দ দ্বারা প্রতিস্থাপন করে দৃঢ়করন করা হলো। | - |

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি | APA ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, প্রস্তাব অনুসারে মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ সালের এপিএ সংশোধনী মন্ত্রিপরিষদ কর্তৃক অনুমোদিত হয়েছে। মন্ত্রণালয় সংশ্লিষ্ট দপ্তর ও সংস্থার এপিএ টিম স্ব স্ব কার্যক্রম নিয়মিত মনিটরিং করছেন। ২০২২-২০২৩ সালের প্রথম প্রান্তিকের অগ্রগতি এপিএএমএস সফটওয়্যারে যথাসময়ে আপলোড করা হয়েছে মর্মে এপিএ টিম লিডার সভায় জানান। এপিএ টিম লিডার সভায় আরো জানান যে, জুন ২০২২ সময়ে বিআইডব্লিউটিএ এবং বিআইডব্লিউটিসির সমাপ্ত প্রকল্পের মোট ১২টি যানবাহন কেন্দ্রীয় পরিবহন পুলে জমা না হওয়ার শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়ন বাধাগ্রস্ত হচ্ছে।<br>সভাপতি সংশ্লিষ্ট সকলকে এপিএ'র প্রতিটি সূচক যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে অধিকতর তৎপর হওয়ার পরামর্শ দেন।<br>সভাপতি আরো বলেন বিআইডব্লিউটিএ এবং বিআইডব্লিউটিসির সমাপ্ত প্রকল্পের ১২টি যানবাহন জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিবহন পুলে জমা প্রদান এবং টিওএন্ডইতে সংস্থান থাকলে একই পত্রে বরাদ্দ চাওয়ার জন্য পরামর্শ দেন। | ১. এপিএ-তে সংশোধিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মন্ত্রণালয়, দপ্তর ও সংস্থার এপিএ টিম নিয়মিত সভা এপিএ টিম লিডার করবে। দপ্তর ও সংস্থা প্রধানগণ বিষয়টি নিশ্চিত করবেন।<br>২.বিআইডব্লিউটিএ এবং বিআইডব্লিউটিসির সমাপ্ত প্রকল্পের যানবাহন অবিলম্বে কেন্দ্রীয় পরিবহন পুলে জমা প্রদান এবং সংস্থার টিওএন্ডই'তে সংস্থান থাকলে একই পত্রে বরাদ্দ চাওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গত সভায় সিদ্ধান্ত হয়েছিল নতুন কোন নির্দেশনা নেই। | ১. দপ্তর ও সংস্থা প্রধান (সকল<br>২. এপিএ টিম লিডার সকল<br>৩. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | ই-নথি ব্যবস্থাপনা, ইনোভেশন এবং ওয়েবসাইট হালনাগাদকরণ | সিস্টেম এনালিস্ট মন্ত্রণালয় ও দপ্তর সংস্থাসমূহের ই-নথি কার্যক্রমের মাসিক প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি জানানযে,<br>ক. ই-গর্ভনেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী ৮৫% ফাইল ই-নথিতে সম্পাদন নিশ্চিত করতে হবে।<br>খ. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ওয়েবসাইটে সেবা বক্সগুলো নির্ধারিত লোগো/তথ্য অনুযায়ী হালনাগাদ রাখতে হবে।<br>গ. নোটে নিষ্পত্তির বিষয়টি এটুআই হতে এক সপ্তাহের মধ্যে নিশ্চিত করতে হবে।<br>সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ই-নথিতে নথি বা কার্যসম্পাদনে সচেষ্ট থাকার জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ই-নথিতে নথি নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। একইসাথে সংস্থার ফাইল ই-নথিতে নিষ্পত্তির শতকরা হার বাড়তে হবে। | ক. দপ্তর ও সংস্থা প্রধান<br>খ. সিস্টেম এনালিস্ট, নৌপম |
| ৪. | অডিট আপত্তি নিষ্পত্তিকরণ | উপসচিব (অডিট ও আইন) সভায় জানান যে, ক. মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর ও সংস্থসমূহের ৪৮৩টি সাধারণ অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। এছাড়া, ৮৩৩টি অগ্রিম অডিট আপত্তি ও ১৩৫টি খসড়া অডিট আপত্তিসহ মোট ১৪৫২টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। এগুলোর সাথে ১১১০৭.৮ কোটি টাকা জড়িত আছে।<br>খ. বিআইডব্লিউটিএ'র ২৭টি এবং মোবক-এর ১টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে ।<br>সভাপতি সর্বোচ্চ আর্থিক আপত্তি জড়িত ৫টি অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তিকরণের জন্য দপ্তর/ সংস্থাসমূহের প্রধানগণকে অনুরোধ জানান। | ১. দপ্তর/সংস্থার অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>২. সর্বোচ্চ আর্থিক আপত্তি জড়িত ৫টি অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করতে হবে। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটি<br>২.সকল দপ্তর/ সংস্থা প্রধান ও উপসচিব (অডিট ও আইন) অধিশাখা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | দেওয়ানি মামলা সংক্রান্ত তথ্য | উপসচিব (অডিট ও আইন) সভায় জানান যে মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের বিরুদ্ধে মোট দায়েরকৃত মামলার সংখ্যা ৪৮৩টি। ৩৫৯টির জবাব দাখিল করা হয়েছে। সরকারের পক্ষে বিআইডব্লিউটিএ'র ৭টি মামলা নিষ্পত্তি হয়েছে। সভাপতি রিট ও দেওয়ানি মামলাসমূহের সঠিক হিসাব রাখা, প্রয়োজনে আইনজীবি নিয়োগ এবং যথাসময়ে জবাব প্রদান এবং নিষ্পত্তির জন্য দপ্তর/ সংস্থাসমূহের প্রধানগণকে অনুরোধ জানান। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহের মামলা নিষ্পত্তির জন্য প্রয়োজনে আইনজীবী নিয়োগ করতে হবে এবং সংশ্লিষ্ট দপ্তর ও সংস্থার মামলার সঠিক হিসাব রাখতে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. দপ্তর ও সংস্থা প্রধান<br>২. উপসচিব (অডিট ও আইন) অধিশাখা। |
| ৬. | তথ্য অধিকার আইন (আরটিআই) | সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সভায় জানান সেবা গ্রহীতাগণের তথ্য প্রাপ্তির আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হচ্ছে। তিনি জানান (১) তথ্য অধিকার আইনের ৫ নং ধারার বিধান মোতাবেক স্বপ্রণোদিত তথ্য প্রকাশ করা হয়েছে। প্রকাশিত তথ্য সমূহ চলমানভাবে হালনাগাদ করা হচ্ছে।<br>২. তথ্য অধিকার আইনের ৬ ধারা মোতাবেক স্ব প্রণোদিত তথ্যের শ্রেণিবিন্যাস করণ (ক্যাটালগকরণ সহ) সকল তথ্য মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। এখন ওয়বসাইটে ক্লিক নির্দেশিত লিংকে প্রবেশ করে বিস্তারিত তথ্য জানা যাচ্ছে। জানান তথ্য ওয়েবসাইটে নিয়মিত আপলোড করা হচ্ছে। ২০২১-২২ এর বার্ষিক প্রতিবেদন ইতোমধ্যে ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। সভাপতি এ বিষয়ে নিয়মিত মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ/ ওয়েবসাইট নিয়মিত আপলোড করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেন। | ১. সেবা গ্রহীতাগণের তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে।<br>২. এ বিষয়ে নিয়মিত মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ/ ওয়েবসাইট নিয়মিত আপলোড করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধান<br>২. মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ উপসচিব (জাহাজ) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | ক্যাডার সার্ভিসের নাম পদবি ব্যবহার সংক্রান্ত | উপসচিব (সংসদ ও সমন্বয়) সভায় জানান যে, পদনাম/পদবি পরিবর্তনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে বিআইডব্লিউটিএ, জাতীয় নদী রক্ষা কমিশন ও পায়রা বন্দর কর্তৃপক্ষের পরিবর্তিত পদনাম এর অনুমোদন পাওয়া গেছে । অর্থ বিভাগের সম্মতি গ্রহণের নিমিত্ত প্রস্তাব প্রেরণের পাবক/বিআইডব্লিউটিএ/জাতীয় নদী রক্ষা কমিশনের-কে অনুরোধ করা হয়। জাতীয় নদী রক্ষা কমিশন থেকে প্রস্তাব পাওয়া গেছে যা অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগে প্রেরণের বিষয়টি প্রক্রিয়াধীন আছে। চবক, মোবক ও বাস্থবক-এর প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। পদনাম/পদবি পরিবর্তনের কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থবিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। | জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থবিভাগের সাথে যোগাযোগ অব্যাবহত রাখতে হবে। দ্রুত প্রস্তাব পেশ করতে হবে। | ১. প্রশাসন অনুবিভাগ/ চেয়ারম্যান, চবক, মোবক, পাব ও বাস্থবক<br>২. এমডি, বিএসসি<br>৩.উপসচিব (বিএসসি) |
| ৮ | | **বিবিধ:** | | |
| | ৮.১ বিআইডব্লিউটিএর ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ সংক্রান্ত। | অতিরিক্ত সচিব (সংস্থা-১) সভাকে অবহিত করেন যে বিআইডব্লিউটিএ'র সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে গত ২১-০৮-২০২২ তারিখে তার সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় ঢাকা, কুমিল্লা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামের মোট ৭টি ঘাট/পয়েন্ট ইজারা সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি বিষয়ে তথ্য-উপাত্ত পর্যালোচনা করা হয়েছে। এ ৭টি ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তিনি জানান এ বিষয়ে গঠিত কমিটি কর্তৃক প্রতিবেদন দাখিল করা হয়েছে। সভাপতি ঘাট/পয়েন্ট ইজারা সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি বিষয়ে প্রাপ্ত প্রতিবেদন দ্রুত পেশ করার জন্য নির্দেশনা প্রদান করেন। | বিআইডব্লিউটিএ'রবিরোধপূর্ণ ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে দাখিলকৃত প্রতিবেদন দ্রুত পেশ করতে হবে। | চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, উপসচিব(টিএ) |

| | | | | |
|---|---|---|---|---|
| | ৮.২<br>বিভাগীয় মামলার তথ্য প্রেরণ। | উপসচিব (সংসদ ও সমন্বয়) জানান যে, নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন নৌপরিবহন অধিদপ্তরের চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার (১)জনাব এ কে এম ফখরুল ইসলাম, (২)জনাব এস এম নাজমুল হক, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার জনাব মির্জা সাইফুল রহমান-এর বিরুদ্ধে বিভাগীয় মামলা চলমান রয়েছে। দপ্তর/সংস্থাপ্রধানগণ তাদের বিভাগীয় মামলার বিষয়টি দ্রুত নিষ্পত্তি করা হবে মর্মে সভাকে অবহিত করেন। সভাপতি দ্রুত সময়ের মধ্যে বিভাগীয় মামলা নিষ্পত্তি করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেন। | মন্ত্রণালয় এবং দপ্তর ও সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ।<br>২.প্রশাসন-১ শাখা, নৌপরিবহ মন্ত্রণালয়। |
| | ৮.৩ইউক্রেন যুদ্ধে ক্ষতিগ্রস্থ বিএসসি'র জাহাজ সম্পর্কে আলোচনা | বিএসসি'র জাহাজ এম ভি বাংলার সমৃদ্ধি জাহাজের সর্বশেষ অবস্থা মন্ত্রণালয়ের মাধ্যমে প্রধানমন্ত্রীর কার্যালয়ে পাঠানে হয়েছে। CTL(Constructive total loss) আদায়ের কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি ইউক্রেন যুদ্ধে ক্ষতিগ্রস্থ এম ভি বাংলার সমৃদ্ধি জাহাজের সিটিএল আদায়সহ অন্যান্য কার্যক্রম দ্রুত নিষ্পত্তিকরনের জন্য নির্দেশনা প্রদান করেন। | ইউক্রেন যুদ্ধে ক্ষতিগ্রস্থ এম ভি বাংলার সমৃদ্ধি জাহাজের সিটিএল আদায়সহ অন্যান্য কার্যক্রম দ্রুত নিষ্পত্তি করতে হবে। | বিএসসি/ উপসচিব (বিএসসি) |
| | ৮.৪ পাবক-এর<br>পরিচালক (অর্থ) পদে নিয়োগ প্রসঙ্গে। | উপসচিব (সংসদ ও সমন্বয়) সভাকে অবহিত করেন যে, পাবক-এর পরিচালক (অর্থ)/(হিসাব) এবং যুগ্মপরিচালক (এস্টেট) পদে প্রেষণে নিয়োগ প্রদানের জন্য এ মন্ত্রণালয় ২৬/০৯/২০২২ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় হতে গত ০৪/১০/২০২২ তারিখে যুগ্মপরিচালক (এস্টেট) পদে প্রেষণে নিয়োগ/পদায়ন করা হলেও উক্ত কর্মকর্তা অদ্যাবধি যোগদান করেননি। সভাপতি উল্লিখিত পদসমুহ জরুরি ভিত্তিতে পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। | পরিচালক (অর্থ)/(হিসাব) এবং যুগ্ম পরিচালক (এস্টেট) পদটি জরুরি ভিত্তিতে পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, পাবক/ উপসচিব (পাবক) |

| | | | | |
|---|---|---|---|---|
| | ৮.৫ মন্ত্রণালয়ের ২০২২-২৩ সালের বাজেট বাস্তবায়ন ও অডিট প্রতিবেদন প্রকাশ সংক্রান্ত। | উপসচিব (বাজেট) সভায় নৌপরিবহন মন্ত্রণালয়ের ২০২২-২৩ সালের প্রথম প্রান্তিক বাজেট বাস্তবায়ন অগ্রগতি এবং ২০২১-২২ সালের অডিট প্রতিবেদন প্রকাশ সম্পর্কিত তথ্য উপস্থাপন করেন। সভাপতি ক্রয় পরিকল্পনা অনুসারে বাজেট বাস্তবায়ন এবং যথাসময়ে বার্ষিক আর্থিক বিবরণী প্রকাশের লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য দপ্তর ও সংস্থার প্রধানগণকে নির্দেশনা প্রদান করেন। | ১. ক্রয় পরিকল্পনা অনুসারে বাজেট বাস্তবায়ন করতে হবে।<br>২.নির্দিষ্ট সময়ে ২০২১-২০২২ সালের আর্থিক প্রতিবেদন প্রকাশ করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ।<br>২. উপসচিব, বাজেট শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়। |
| | ৮.৬ মোবক-এর গৃহনির্মান ঋণ নীতিমালা এবং কর্মচারী প্রবিধানমালা অনুমোদন | চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ সভাকে জানান যে, মোবকের কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে গৃহ নির্মান ঋণ প্রদান বিষয়ে একটি নীতিমালা তৈরির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত নীতিমালা অনুমোদনের জন্য অনুরোধ জানান। তিনি মোবকের কর্মচারী প্রবিধানমালাও অনুমোদনের জন্য অনুরোধ জানান। সভাপতি গৃহ নির্মান ঋণ নীতিমালা ও কর্মচারী প্রবিধানমালা অনুমোদনের জন্য জরুরী ভিত্তিতে উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | মোবক-এর গৃহনির্মান ঋণ নীতিমালা ও কর্মচারী প্রবিধানমালা জরুরী ভিত্তিতে উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, মোবক/উপসচিব (প্রশাসন)/<br>উপসচিব (মোবক) |
| | ৮.৭ অনিষ্পন্ন কাজের তালিকা প্রেরণ। | উপসচিব (সংসদ ও সমন্বয় ) জানান যে, দপ্তর ও সংস্থাসমূহের অনিষ্পন্ন তালিকা স্ব স্ব দপ্তর/সংস্থাপ্রধানগণ সভাকে অবহিত করতে পারেন। দপ্তর ও সংস্থাসমূহের অনিষ্পন্ন তালিকা স্ব স্ব দপ্তর/সংস্থাপ্রধানগণ সভাকে অবহিত করেন। সভাপতি অনিষ্পন্ন বিষয়গুলো দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তি করার জন্য তালিকা সরবরাহের জন্য দপ্তর ও সংস্থা প্রধানগণকে অনুরোধ করেন। | সকল দপ্তর ও সংস্থার প্রধানগণকে দ্রুত অনিষ্পন্ন কাজের তালিকা প্রেরণ করতে হবে। | ১. মন্ত্রণালয়<br>২. দপ্তর ও সংস্থা |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মোস্তফা কামাল

সচিব

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০৩২.০৬.০০১.২২.৩৩

তারিখ: ১২ পৌষ ১৪২৯
২৭ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) ড. মনজুর আহমেদ চৌধুরী, চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন
২) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
৩) চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ
৪) চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ
৫) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, পায়রা বন্দর কর্তৃপক্ষ
৬) চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন
৭) চেয়ারম্যান, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
৮) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিপিং কর্পোরেশন
৯) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, নৌপরিবহন মন্ত্রণালয়
১০) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, নৌপরিবহন মন্ত্রণালয়
১১) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সংস্থা-২ অনুবিভাগ, নৌপরিবহন মন্ত্রণালয়
১২) অতিরিক্ত সচিব, সংস্থা-১ , নৌপরিবহন মন্ত্রণালয়
১৩) যুগ্মসচিব, উন্নয়ন, নৌপরিবহন মন্ত্রণালয়
১৪) যুগ্মসচিব, পরিকল্পনা, নৌপরিবহন মন্ত্রণালয়
১৫) যুগ্মসচিব, মোবক অধিশাখা, নৌপরিবহন মন্ত্রণালয়
১৬) যুগ্মসচিব, পাবক অধিশাখা, নৌপরিবহন মন্ত্রণালয়
১৭) যুগ্মসচিব (ভারপ্রাপ্ত), প্রশাসন অধিশাখা, নৌপরিবহন মন্ত্রণালয়
১৮) উপসচিব, মোবক শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়
১৯) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), চবক শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়
২০) উপসচিব , পরিকল্পনা-২ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়
২১) উপসচিব, টিএ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়
২২) উপসচিব (ভারপ্রাপ্ত), জাহাজ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়
২৩) উপসচিব, প্রশাসন শাখা , নৌপরিবহন মন্ত্রণালয়
২৪) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), অডিট শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়
২৫) উপসচিব, টিসি শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়
২৬) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), বাজেট শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়
২৭) উপসচিব , নৌশিক্ষা ও প্রশিক্ষণ, নৌপরিবহন মন্ত্রণালয়
২৮) উপসচিব, উন্নয়ন-২, নৌপরিবহন মন্ত্রণালয়
২৯) কমান্ড্যান্ট, কমান্ড্যান্ট এর দপ্তর, বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর
৩০) অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট
৩১) পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর
৩২) সিনিয়র সহকারি সচিব, পরিকল্পনা-১ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়
৩৩) সচিবের একান্ত সচিব, সচিব এর দপ্তর, নৌপরিবহন মন্ত্রণালয়
৩৪) সিনিয়র সহকারি সচিব, পাবক শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়
৩৫) সহকারী সচিব, পরিকল্পনা-৩ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়
৩৬) সহকারী সচিব, উন্নয়ন-৩ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়

মোঃ মনিরুজ্জামান মিঞা
উপসচিব